কুষ্টিয়ায় জাগ্রত সাহিত্য পরিষদের আয়োজনে ‘সফল যারা কেমন তাঁরা’ আড্ডা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় জাগ্রত সাহিত্য পরিষদের আয়োজনে সফল যারা কেমন তাঁরা শীর্ষক আড্ডা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাতে জেলা শিল্পকলা একাডেমি কনফারেন্স রুমে এ আড্ডায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাগ্রত মহানায়ক শিহাব রিফাত আলম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, গুনী হতে কোন বয়স লাগে না। সমাজের জন্য কাজ করলেই কেবল গুনী হওয়া যায়। ‘যারা সমাজের জন্য, জাতির জন্য ও দেশের জন্য অবদান রাখেন, তাদের সম্মান করা, গুণিজনের সম্মান করাটাও আমি মনে করি আমাদের কর্তব্য।’ আজকের এই অনুষ্ঠানে অনেক গুনী ব্যাক্তিদের গল্প শুনে আমার অনেক ভালো লাগছে।

তিনি বলেন, মানুষের জন্ম হয় সফলতার জন্য, ব্যর্থতার জন্য নয়, তাই আমি মনে করি গুনি তো তারাই, যে পৃথিবী জয় করেছে সে কখনো কোন অযুহাত দেখায়নি। যোগ্য ব্যক্তিকে যোগ্য সম্মান করতে না পারলে সমাজে গুণী ব্যক্তির সৃষ্টি হয় না। মানুষকে সম্মান করতে পারলেই কেবল সম্মান পাওয়া যায়। তাই মানুষের প্রতি যথাযথ সম্মান ও শ্রদ্ধাবোধ দেখাতেও অনুরোধ জানানো হয়।

তিনি বলেন, ব্যবসায়ীরা সেবা দেওয়ার মনোভাব নিয়ে হাসপাতাল তৈরী করে না। যদি তাই করতো তাহলে মানুষ সেখানে নির্বিঘ্নে সেবা পেতো। আমি চাই ধীরে ধীরে সেবার মনোভাব নিয়ে ব্যবসায়ীরা এগিয়ে আসুক। সাধারন মানুষের কল্যাণে কাজ করুক।

তিনি আরও বলেন, আমি মনে করি বাংলাদেশটা আমার। আমি বাংলাদেশকে নিয়ে গর্ব করি। ‘আপনারা আজকে এখানে যারা বিভিন্ন ক্ষেত্রে পুরস্কারপ্রাপ্ত, তাদের আমি আন্তরিক অভিনন্দন জানাই। কারণ আপনারা সবাই নিজ নিজ ক্ষেত্রে বিশেষ অবদান রেখে গেছেন। শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, প্রতিটি ক্ষেত্রেই আপনাদের অবদান রয়েছে।’

# [redacted]

[redacted]

গত বছরের জুনে রাজনৈতিক এই দল গঠন করা হয়। এবারের নির্বাচনে দলটি ১৯টি আসনে জয় পেয়েছে। গত বছরের ডিসেম্বরে নেপালে রাজনৈতিক অচলাবস্থা কাটাতে জোট সরকার গঠন করা হয়, তাতে যোগ দেয় দলটি।

প্রধানমন্ত্রী হন দেশটির বর্ষীয়ান রাজনীতিক পুষ্পকমল দহল প্রচণ্ড। উপপ্রধানমন্ত্রী পদে বসেন রবি লামিচানে। এক সময় রবি দেশ ছেড়ে স্থায়ী বসবাসের জন্য যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েছিলেন। যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব নিয়েছিলেন। যদিও ২০১৮ সালে তিনি মার্কিন নাগরিকত্ব ছেড়েছেন।

পরবর্তী সময়ে দেশে ফিরে রাজনীতিতে যোগ দেন। তবে সুপ্রিম কোর্ট জানিয়েছে, অন্য দেশের নাগরিকত্ব ছাড়তে রবি যথাযথ প্রক্রিয়া মানেননি। দেশে ফেরার পর তিনি নেপালের নাগরিকত্বের জন্য পুনরায় আবেদন করেননি। তাই তার নেপালি নাগরিকত্বের বৈধতা নেই। নেপাল দ্বৈত নাগরিকত্ব অনুমোদন করে না। এ পরিস্থিতিতে তার নির্বাচনে অংশ নেওয়া, গুরুত্বপূর্ণ সরকারি পদে বসা বৈধ হয়নি।
সূত্র: ইত্তেফাক

সৌদিতে গাংনীর সহড়াতলা গ্রামের সোহেলের মৃত্যু

সৌদি আরবের দাম্মাম শহরে নিজ ভাড়াকৃত বাসায় হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের সোহেল আহমেদ (৩০)।

গত শুক্রবার দুপুরে তিনি মারা যান। প্রবাসি সোহেল আহমেদ সহড়াতলা গ্রামের ইয়াসিন আলী কবিরাজের ছেলে।

সোহেলের প্রতিবেশী সাহাবাজ আলী জানান, প্রায় ৮ মাস আগে সৌদি আরবে যান সোহেল। সৌদির আরবের দাম্মাম শহরে বিল্ডিংয়ে নির্মাণ শ্রমিকের কাজ করতেন।

সোহেলের ভাই তরিকুল ইসলাম বলেন, আগের দিন বৃহস্পতিবার রাতে

পরিবারের লোকজনের সাথে মোবাইল ফোনে কথা হয় সোহেলের। তখন কেউ বুঝতে পারেনি সোহেল অসুস্থ। সে সময় তার একমাত্র সোহানাসহ বৃদ্ধ বাবা মায়েরও খোজ নেয়। পরদিন দুপুরের পরে ভাইয়ের সহকর্মীদের একজন মৃত্যুর সংবাদ জানায়। তিনি আরো বলেন, মরদেহ দেশে ফিরিয়ে আনার জন্য দূতাবাসসহ সংশ্লিষ্ট বিভাগের লোকজনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হচ্ছে।

স্মার্ট বাংলাদেশ গড়তে ক্যাডেটদের সুনাগরিক হয়ে গড়ে ওঠতে হবে

আগামী ৪১’ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশ হিসেবে গড়ে উঠবে। আর সেই বাংলাদেশ হবে স্মার্ট বাংলাদেশ। ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে আমরা চলে যাব।

বর্তমান সরকার ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার চারটি ভিত্তি সফলভাবে বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। সেগুলো হল স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি।

বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তরে তরুণ এই ক্যাডেটদেরকে সৈনিক হিসেবে উল্লেখ করে সেনা প্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ গড়তে হলে তোমাদের স্মার্ট নাগরিক হিসেবে প্রস্তুত হতে হবে।’

এছাড়া ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের ১৩তম পুনর্মিলনী অনুষ্ঠানে ক্যাডেটদের সুনাগরিক হিসেবে গড়ে উঠে ডিজিটাল বাংলাদেশের বদলে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে আহবান জানান সেনাবাহিনী প্রধান। বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের ১৩তম পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকালে ঝিনাইদহ এক্স ক্যাডেটস এ্যাসোসিয়েশন (জেক্সকা) এর আয়োজনে তিনদিন ব্যাপি এ পূর্নমিলনী অনুষ্ঠানে

প্রধান অতিথি ছিলেন সেনাপ্রধান জেনারেল এসএম শফিউদ্দিন আহমেদ।

ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্ণেল এসএম রাকিব ইবনে রেজওয়ানের সভাপতিত্বে সেনা বাহিনীর বিভিন্ন কর্মকর্তাবৃন্দ, প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীর পরিবারবর্গ অংশ নেয়। প্রধান অতিথি বৃক্ষরোপনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকতা শুরু করেন। এরপর বর্তমান শিক্ষার্থীরা গার্ড অব অনার প্রদান করেন। পরে কুচকাওয়াজ প্রদর্শন করেন বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীরা। ১৩তম পুনর্মিলনীর বিশালাকার কেক কাটেন প্রধান অতিথি।

ঝিনাইদহ ক্যাডেটের প্রাক্তন শিক্ষার্থী সেনা প্রধান জেনারেল এসএম শফিউদ্দিন তার বক্তব্যে কলেজ জীবনের স্মৃতিচারণ ও শিক্ষার্থীদের বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন।

তিনি জানান, জাতির জনক বঙ্গবন্ধুু শেখ মুজিবুর রহমানের ডাকে স্বাধীনতাকামী দামাল ছেলেরা যুদ্ধে ঝাপিয়ে পড়ে নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধ ও তিন লাখ মা বোনের সম্ভ্রমের বিনিময়ে বহু প্রতিক্ষিত স্বাধীনতা ছিনিয়ে আনে। ডিজিটাল বাংলাদেশ নয়, এখন থেকে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে প্রতিটি ক্যাডেট কে সুনাগরিক হিসেবে গড়ে ওঠার উদাত্ত আহবান জানান। তিনদিনব্যাপী এ অনুষ্ঠানে খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুরে জমি দখলের অভিযোগে রোলেক্স গ্রুপের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

মেহেরপুরে আদালত অবমাননা করে জমি দখলের প্রতিবাদ ও বিচারের দাবিতে রোলেক্স গ্রুপের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগীরা।

শুক্রবার সকালে মেহেরপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড মল্লিক পাড়ায় এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে ভুক্তভোগী আব্দুল মান্নানের পুত্র মোঃ মোবিন উদ্দিন বলেন, মল্লিক পাড়ায় আমাদের নিজস্ব জমি । যার আর এস দাগ নাম্বার ৫০২৯, জমির পরিমাণ ১ একর ৪৭ শতক বর্তমান বাংলা সাল ১৪২৯ ও ইংরেজি ২০২৩ সাল হালনাগাদ পর্যন্ত খাজনা পরিষদ করে ভোগ দখল করে আসছি। আমার পিতার সৎ ভাইয়ের ছেলে মেহেদী হাসান রোলেক্স, সাইফুল ইসলাম ঘটন ও আলঙ্গীর হোসেন নান্নু জোরপূর্বক আইনের তোয়াক্কা না করে আদালতকে অবমাননা করে ভূমিদস্যু স্টাইলে আমাদের ন্যায্য জমি জোরপূর্বক দখল এবং বিক্রয় করার চেষ্টা করে যাচ্ছে। দাদা মরহুম মুনসি মোহর আলী তিনি আমার পিতা সহ সকল অংশীদারদের জমি বন্টন করে দেন। জমি বন্টনের পর সৎ চাচা মৃত সামসুজ্জোহা এবং আমার দাদা ১৫ বছর জীবিত ছিল সেই সময় আমার পিতা সহ অন্য চাচা ও তার শরীরে কেউ এই নিয়ে অভিযোগ আপত্তি করেনি। ন্যায্য তার ভিত্তিতে সকলে যে যার জমি ভোগ দখল করে আসছিল অথচ দীর্ঘ প্রায় ৩৫ বছর পর আমার পিতার সৎ ভাইয়ের ছেলে মেহেদী হাসান রোলেক্স, সাইফুল ইসলাম ঘটন ও আলম হোসেন নান্নু ভূমি দস্যুর স্টাইলে আইন আদালতকে অবমাননা করে আমার পিতা-মাতা সহ আমার পরিবারকে জীবন নাশের হুমকি দিয়ে ন্যায্য সম্পত্তি জোরপূর্বক দখল ও বিক্রয়ের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। আমি ও আমার পিতা মাতা আইনের প্রতি সর্বোচ্চ শ্রদ্ধাশীল হয়ে আইন আদালত থানা নিরাপত্তা প্রার্থনা সহ ন্যায্য বিচার প্রার্থনা করি তখন আদালত উভয় পক্ষের অভিযোগ শুনানির পর নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জমিতে যেতে নিষেধ করে আদেশ দেন। এ সত্ত্বেও থানা ও আদালতকে অবমাননা করে বারবার ন্যায্য জমি দখলের অপচেষ্টা অব্যাহত রেখেছে। ন্যায্য কাগজ যার জমি হবে তার কথা থাকলেও এখন আমার পুরো পরিবার অত্যান্ত আতঙ্কগ্রস্থ জীবন ঝুঁকি নিয়ে চলাফেরা করছে এবং জমি রক্ষা করতে আদালত ও থানার দুয়ারে দুয়ারে ঘুরতে হচ্ছে।

দামুড়হুদা জুড়ানপুর বিট পুলিশিং উঠান বৈঠক অনুষ্ঠিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” তথ্য দিন সেবা নিন, এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের

বিষ্ণুপুর গ্রামে বিট পুলিশিং উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা মডেল থানার আয়োজনে বিষ্ণুপুর দক্ষিণপাড়া সাবেক ইউপি সদস্য দেলোয়ারা খাতুন এর বসতবাড়ির উঠানে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

জুড়ানপুর বিট পুলিশিং ইনচার্জ এসআই মারজান এর সভাপতিত্বে উক্ত উঠান বৈঠক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের ১নং প্যানেল চেয়ারম্যান ও ০২ নং ওয়ার্ড ইউপি সদস্য আল মাহমুদ আসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন সাবেক ইউপি সদস্য দেলোয়ারা খাতুন, নুরুল ইসলাম প্রমুখ। এ সময় গ্রামের প্রায় শতাধিক মহিলাদের নিয়ে এই উঠান বৈঠকে বাল্যবিবাহ, চুরি, ইভটিজিং, মাদক, মেয়ে ছেলের প্রেমঘটিত পলায়ন, সামাজিক শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা, একে অপরের প্রতি স্মমান, স্নেহ প্রদর্শন বিষয়ে আলোচনা করা হয়।

এছাড়া জরুরী প্রয়োজনে ৯৯৯ নাম্বারে ফোন করা,বিট অফিসার ও থানা পুলিশকে যেকোনো সময়ে যেকোন সমস্যায় অবহিত করার জন্য বলা হয়।

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮’র পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ

দামুড়হুদায় বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা প্যানেলের পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকাল ১০ টার দিকে দামুড়হুদা বাজারস্থ গ্রিনচিলি রেস্টেুরেন্টের সামনে অসহায় দরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ৮৮ চুয়াডাঙ্গা জেলা কো-অর্ডিনেটর

ইখতিয়ার উদ্দিন, জয়েন্ট কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক শরীফুল আলম মিল্টন, শিক্ষক আব্দুল মোমিন, আক্তার হোসেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, এসএম আব্দুর রকিব, ইউসুফ আলী খান ইছা মেম্বার, সহকারী অধ্যাপক বিল্লাল হোসেন, শিক্ষিকা শামসুন্নাহার, আশেখ উদ-দৌলা লিটন, জাহিদুল ইসলাম, শাহীন কাদির, সাব্বির হোসেন, আব্দুল মোমিন, আতিয়ার রহমান খান, এমদাদুল হক।

সুইডেনে পবিত্র কুরআন অবমাননাকারীদের বিরুদ্ধে দামুড়হুদায় বিক্ষোভ

দামুড়হুদায় সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতার পক্ষ থেকে সুইডেনে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মার নামাজের পরে উপজেলা চৌরাস্তার মোড় থেকে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সদরে জুম্মার নামাজের পরে সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতা একত্রে হয়ে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল করে। দামুড়হুদা চৌরাস্তার মোড় থেকে মিছিলটি শুরু হয়ে বাস স্ট্যান্ড প্রদক্ষিণ করে আবার চৌরাস্তা মোড়ে গিয়ে শেষ হয়। হাজার হাজার তৌহিদী জনতার উপস্থিতিতে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল শেষে সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন বাসস্ট্যান্ড জামে মসজিদের ঈমাম মাওলানা মুফতি এখলাছুর রহমান, দামুড়হুদা বাজার পাড়া জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা মুফতি সামিউল্লাহ, দামুড়হুদা রাবেয়া তাপসী এতিমখানা মাহতামিম মাওলানা আব্দুস সাত্তার। সমাবেশ শেষে দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা জামে মসজিদের ঈমাম হাফেজ মাওলানা আশরাফুল আলম।

মেহেরপুরে এসএসসি-৯১ ফাউণ্ডেশনের কম্বল বিতরণ

মেহেরপুরে এসএসসি-৯১ ফাউণ্ডেশনের উদ্যোগে দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার দিনব্যাপী জেলার বিভিন্ন এলাকার দুস্থদের মাঝে পৃথক পৃথকভাবে কম্বল বিতরণের আয়োজন করা হয়।

এসএসসি -৯১ ফাউণ্ডেশনের পক্ষে তরুণ রাজনীতিবীদ ও মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন উপস্থিত থেকে দুস্থদের হাতে কম্বল তুলে দেন।

এসময় এসএসসি -৯১ ফাউণ্ডেশনের পক্ষে ফররুখ আহমেদ উজ্জল, নিশান সাবের, সামসুজ্জোহা রন্টু, শ্রমিকলীগ নেতা মোস্তাফিজুর রহমান বাবুল, স্বেচ্ছাসেবকলীগ নেতা শরিফ রেজা পান্না, মোস্তাফিজুর রহমান চন্দন, ফারুক হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ৩টার দিকে পুড়াপাড়া যুব সমাজের আয়োজনে উপজেলা সদরে পুড়াপাড়া রাজা ইটভাটা সংলগ্ন সামছুল উলুম শান্তিবাগ ইসলামিয়া মাদ্রাসা ও এতিমখানার মাঠে এই ফাইনাল খেলা ও পুরস্কার

বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য ও কেশবপুর উজ্জ্বল ক্লাবের সভাপতি শামসুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এ সময় আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা আব্দুল আলিম, জাহাঙ্গীর আলমসহ গ্রামের স্থানীয় ব্যক্তিবর্গ।

খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলেন, পুড়াপাড়া জুনিয়র একাদশ ও কেশবপুর একাদশ। ৫০ মিনিটের এই খেলায় কোন দলই গোল করতে না পারায় পুনরায় পাঁচ মিনিট এক্সট্রা টাইম দেওয়া হয়। তাতেও কোন দল গোল করতে না পারলে খেলা ট্রাইবেকারে গড়াই। কেশবপুর একাদশ ট্রাইবেকারে ২টি গোল দেয় এবং পুড়াপাড়া জুনিয়র একাদশ ৩টি গোল দিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। খেলায় চ্যাম্পিয়ন হয় পুড়াপাড়া জুনিয়র একাদশ এবং রানার্স আপ হয় কেশবপুর একাদশ।

উক্ত সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হয় পুড়াপাড়া জুনিয়র একাদশের তৌফিক রহমান। চ্যাম্পিয়ন দলকে ট্রফি এবং নগদ ২ হাজার টাকা পুরস্কার প্রদান করা হয়। অপরদিকে রানার্স আপ দলকে টফি এবং ১ হাজার ৫০০ টাকা নগদ প্রদান করা হয়। খেলায় রেফারির দায়িত্ব পালন করেন আতিকুল ইসলাম রনি। সহকারী রেফারি দায়িত্ব পালন করেন মনিরুল ইসলাম ও মাসুদ রানা।